



ঢাকা কমার্স কলেজ

www.dcc.edu.bd | dhaka commerce college | dcc1989@dcc.edu.bd

এডিস মশা থেকে নিরাপদ থাকুন, ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রতিরোধ করুন

ডেঙ্গু ও চিকুনগুনিয়া একটি ভাইরাসজনিত জ্বর, যার বাহক এডিস মশা। এডিস মশা বাসাবাড়ির ভেতরে এবং বাইরে যত্রতত্র পড়ে থাকা বিভিন্ন পাত্র ও অন্যান্য স্থানে জমে থাকা পরিষ্কার পানিতে ডিম পাড়ে।

ডেঙ্গু রোগের লক্ষণ

- ১। জ্বর হওয়ার ৪ বা ৫ দিনের সময় সারা শরীর জুড়ে লালচে দাগ দেখা যাবে।
- ২। বমি বমি ভাব বা বমি হওয়া।
- ৩। অতিরিক্ত ক্লান্তিবোধ করা এবং রুচি কমে যাওয়া।
- ৪। শরীরের বিভিন্ন অংশ থেকে রক্তপাত হওয়া।
- ৫। প্লাটিলেটের মাত্রা কমে যাওয়া।
- ৬। শ্বাসকষ্ট হওয়া এবং পেট ফুলে পানি আসা।
- ৭। প্রস্রাবের পরিমাণ কমে যাওয়া।



এডিস মশা

প্রতিকারের উপায়

ফুলদানি, অব্যবহৃত কোঁটা, ডাবের খোসা, পরিত্যক্ত টায়ারে পানি জমতে দিবেন না।

ডেঙ্গু ও চিকুনগুনিয়া নিয়ে আতঙ্ক নয়, মশার উৎপত্তিস্থল ধ্বংস করুন। মশার কামড় থেকে নিজেকে রক্ষা করতে মশারি ব্যবহার করুন।

বাড়ির ছাদে, উঠানে এবং দুই দালানের মাঝে স্যাঁতসেঁতে করে রাখবেন না কিংবা পানি জমতে দিবেন না।

বেইসমেন্টের পানির ট্যাংক, নির্মাণ কাজে ব্যবহৃত চৌবাচ্চা, ওয়াসার পানির মিটার, অব্যবহৃত বালতি, ড্রাম ইত্যাদিতে ৩ দিনের বেশি পানি জমতে দিবেন না।



বাড়ির আশেপাশে ঝোপঝাড় এবং আঙ্গিনা পরিষ্কার রাখুন।

ডেঙ্গু প্রতিরোধে সচেতন হউন, সুস্থ দেশ গড়ে তুলুন।